

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬৪৮

পর্ব - ৪ঃ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. সদাকাহ (যাকাত ও 'উশর) বণ্টন পদ্ধতি - বনু হাশীমের দাস-দাসীদের পক্ষে সাদাকা গ্রহণ করার বিধান

আরবী

وَعَنْ أَبِي رَافِعٍ _ رضي الله عنه: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ بَعَثَ رَجُلًا عَلَى الصَّدَقَةِ مِنْ بَنِي مَخْزُومٍ, فَقَالَ لِأَبِي رَافِعِ: اصْحَبْنِي, فَإِنَّكَ تُصِيبُ مِنْهَا, قَالَ: حَتَّى آتِي الصَّدَقَةِ مِنْ بَنِي مَخْزُومٍ فَقَالَ لِأَبِي رَافِعِ: اصْحَبْنِي, فَإِنَّكَ تُصِيبُ مِنْهَا, قَالَ: حَتَّى آتِي النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ فَأَسْأَلَهُ. فَأَتَاهُ فَسَأَلَهُ, فَقَالَ: «مَوْلَى الْقَوْمِ مِنْ أَنْفُسِهِمْ, وَإِنَّا لَا تَحِلُّ لَنَا الصَّدَقَةُ». رَوَاهُ أَحْمَدُ, وَالثَّلاَثَةُ, وَابْنُ خُزَيْمَة, وَابْنُ حِبَّانَ

صحيح. رواه أحمد (6/ 10)، وأبو داود (1650)، والنسائي (5/ 107)، والترمذي (55)، وابن خزيمة (2344)، وابن حبان (5/ 124) وقال الترمذي: حسن صحيح

বাংলা

৬৪৮. আবূ রাফি' (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাখযূম বংশের জনৈক ব্যক্তিকে সাদাকার (যাকাতের) দায়িত্বে পাঠিয়েছিলেন। সে আবূ রাফি'কে (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গোলাম) বললো, আপনি আমার সঙ্গে চলুন আপনি তা থেকে (যাকাত থেকে) কিছু পেয়ে যাবেন। আবূ রাফি' (রাঃ) বললেন, না! যতক্ষণ না নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে তাঁকে জিজ্ঞেস করব ততক্ষণ (আমি তা গ্রহণ করব না)। তিনি তাঁর নিকটে এসে জিজ্ঞেস করলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, (এ ব্যাপারে) গোলাম তার মুনিবের সম্প্রদায়ভুক্ত বলে বিবেচিত হয়, আর আমাদের (বনু হাশেম গোত্রের) জন্য সাদাকা (যাকাত) মোটেই বৈধ নয়।[1]

English



Abu Rafi (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) appointed a man from Bani Makhzum to collect the Zakah. The man said to Abu Rafi', 'Accompany me so that you may get a share of it.' Abu Rafi, replied, 'No! Not until I go to the Prophet and ask him' He went to the Messenger of Allah (ﷺ) and asked him, and the Prophet replied, "The client (slave) of a certain tribe are like (the members of the tribe) themselves and Zakah is not lawful for us." Related by Ahmad, the three Imams, Ibn Khuzaimah and Ibn Hibban.

ফুটনোট

[1] আবু দাউদ ১৬৫০, তিরমিযী ৬৫৭, নাসায়ী ২৬১২, আহমাদ ২৬৬৪১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ রাফি' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন